

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিই-৪৫৫

তারিখ : ৩১/১২/২০১৬

সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, পরীক্ষার হলে কোন লিখিত কাগজ, মোবাইল ফোন, ওয়াচ ফোন/স্মার্ট ওয়াচ, Programmable Calculator, Digital Diary বা অন্য কোন Electronic Media সঙ্গে রাখা শাস্তিযোগ্য অপরাধ। পরীক্ষার হলে ছাত্র/ছাত্রীদের সংগে এইরূপ কোন কিছু না রাখার জন্য নির্দেশ প্রদান করা হইল।

কোন ছাত্র/ছাত্রী যদি কোন লিখিত কাগজ, মোবাইল ফোন, ওয়াচ ফোন/স্মার্ট ওয়াচ বা কোন Electronic মাধ্যম সংগে রাখে তবে গত ১১/০৭/২০১৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের অধিবেশনে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের বিরুদ্ধে নিম্নরূপে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হইবে। গত ১১/০৭/২০১৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের অধিবেশনের সিদ্ধান্ত নিম্নে উদ্ধৃত করা হইলঃ

- ১। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংক্রান্ত কোন লিখিত কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) থাকা অপরাধ। পরীক্ষার্থীর নিকট এইরূপ কোন কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে অথবা এইরূপ কোন সূত্র হইতে নকল করিলে বা নকল করিবার চেষ্টা করিলে (ক) পরীক্ষার্থীর নিকট পাওয়া লিখিত ঐ কাগজ বা electronic মাধ্যম বাজেয়াপ্তকরণ; (খ) পরীক্ষার্থীকে তৎক্ষণাতঃ পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার; (গ) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (ঘ) পরীক্ষার্থীকে দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।
- ২। পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন কোন লেখা, অপ্রাসংগিক কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) পরীক্ষার্থীর নিকট থাকা অপরাধ। এইরূপ লেখা, কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে (ক) ঐগুলি আটক; এবং (খ) ভবিষ্যতের জন্য পরীক্ষার্থীকে সতর্ক করা হইবে।

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিই-৪৫৫(৬০)

তারিখ : ৩১/১২/২০১৬

অনুলিপি :

- ১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা
- ৩। সকল পরিচালক, প্রঃ বিঃ, ঢাকা
- ৪। রেজিস্ট্রার, প্রঃ বিঃ, ঢাকা
- ৫। কম্পিউটার, প্রঃ বিঃ, ঢাকা
- ৬। লাইব্রেরিয়ান, প্রঃ বিঃ, ঢাকা